

আমি চঞ্চল হে,

আমি সুদূরের পিয়াসি ।

দিন চলে যায়, আমি আনমনে তারি আশা চেয়ে থাকি বাতায়নে—

ওগো, প্রাণে মনে আমি যে তাহার পরশ পাবার প্রয়াসী ॥

ওগো সুদূর, বিপুল সুদূর, তুমি যে বাজাও ব্যাকুল বাঁশরি—

মোর ডানা নাই, আছি এক ঠাঁই সে কথা যে যাই পাশরি ॥

আমি উন্মনা হে,

হে সুদূর, আমি উদাসী ॥

রৌদ্র-মাখানো অলস বেলায় তরুর্মর্মে ছায়ার খেলায়

কী মুরতি তব নীল আকাশে নয়নে উঠে গো আভাসি ।

হে সুদূর, আমি উদাসী ।

ওগো সুদূর, বিপুল সুদূর, তুমি যে বাজাও ব্যাকুল বাঁশরি—

কক্ষের আমার রুদ্ধ দুয়ার সে কথা যে যাই পাশরি ॥

Parjaay: Bichitro, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail